অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১৬৫ তারিখঃ ১৯-০৩-২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

২৯ মার্চ ২০২০ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০২০ তারিখ বেলা ১:০০ টার পর হতে দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর সীমিত আকারে নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

(১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক
(২) ট্যাক্সি ক্যাব
(৩) মাইক্রোবাস
(৪) জীপ
(৫) পিক আপ
(৬) কার
(৭) ট্রাক
(৮) টেম্পো
(৯) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন

০২। সেই সাথে ২৭ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ হতে ৩০ মার্চ ২০২০ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। ভোটগ্রহণের দিন বেলা ১:০০ টা পর্যন্ত চট্টগ্রাম মহানগরস্থ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থা খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফলে ভোটগ্রহণের দিন বিভিন্ন অফিস/প্রতিষ্ঠানে যাওয়া ও অফিস শেষে বাড়ীতে ফিরে আসা অথবা ভোটাধিকার প্রয়োগের সুবিধার্থে যান চলাচল স্বাভাবিক রাখা বা ভোটকেন্দ্রে যাওয়ার জন্য সীমিত আকারে বাস, মাইক্রোবাস, অফিসের জীপ, কার, স্টাফ বাস ইত্যাদি চলাচলের সুযোগ দিতে হবে, ক্ষেত্র বিশেষ নিষেধাজ্ঞা শিথিল করতে হবে।

০৪। যানবাহন চলাচলে এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৫। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৬। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৭। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৯/৩/২০২০
(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১৬৫/১(৫৫) তারিখঃ ১৯-০৩-২০২০ খ্রিস্টাব্দ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, ...(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
০৬. সচিব .....(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ১৫-০৩-২০২০ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-১৫৭ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৯. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
১২. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
১৪. উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
১৫. জেলা প্রশাসক, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)**
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট)
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
২৩. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম (সংশ্লিষ্ট)
২৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**